৫০১১৯

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

সূত্রঃ এফইপিডি(এএন্ডএনএফবিপি)/১০১/২০২০-২৭৪০

তারিখ ঃ ১৭ জুন, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস
ঢাকা।

প্রিয় মহোদয়,

**বৈদেশিক মুদ্রায় লেনদেন সম্পর্কিত হালনাগাদ অবস্থা প্রসংগে।**

আপনারা নিশ্চয় অবগত আছেন যে, বিগত শতাব্দীর ৯০ এর দশকে চলতি হিসাব বিনিময়যোগ্য ঘোষণার মাধ্যমে বৈদেশিক মুদ্রায় লেনদেন পদ্ধতি নিয়ন্ত্রিত অবস্থা থেকে বের হয়ে উদারীকরণের দিকে অগ্রসর হয়। উক্ত ধারাবাহিকতা চলমান রয়েছে এবং প্রয়োজনের নিরীখে প্রতিনিয়ত লেনদেন বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা সার্কুলার/সার্কুলার পত্র জারির মাধ্যমে অনুমোদিত ডিলার ব্যাংকগুলোকে অবহিত করা হচ্ছে।

০২। দেশের অর্থনীতির সুসময় এবং ক্রান্তিকাল উভয় ক্ষেত্রেই আপনাদের ব্যাংক অগ্রণী ভূমিকা পালন করছে। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, বৈদেশিক মুদ্রায় লেনদেন ব্যবস্থার হালনাগাদ অবস্থা সম্পর্কে অবহিত না হয়ে অনুমোদিত ডিলার ব্যাংকের পক্ষ থেকে গ্রাহকদেরকে বিভ্রান্তিকর তথ্য প্রদান করা হচ্ছে। এমনকি প্রাধিকারভুক্ত লেনদেনের বিষয়েও বাংলাদেশ ব্যাংকের অনুমোদনের আবশ্যকতা রয়েছে মর্মে জানানো হয়।

০৩। সংশ্লিষ্ট সকলে অবগত আছেন যে, বৈদেশিক মুদ্রায় লেনদেন দেশের বিদ্যমান অর্থনৈতিক ব্যবস্থার অবিচ্ছেদ্য অংশ। বৈদেশিক মুদ্রায় লেনদেনের মাধ্যমে এদেশের অর্থনীতির সাথে বৈশ্বিক অর্থনীতির সম্পর্ক স্থাপিত হয়, যার মাধ্যমে এদেশে বৈদেশিক বিনিয়োগের দ্বার উন্মোচিত হয়। এক্ষেত্রে ব্যাংকিং ব্যবস্থা এবং এর সাথে সংশ্লিষ্টদের ভূমিকা অনস্বীকার্য। কিন্তু বিদ্যমান বৈদেশিক লেনদেন ব্যবস্থাকে 'নিয়ন্ত্রিত' হিসেবে গ্রাহক/বিদেশী বিনিয়োগকারীদের নিকট উপস্থাপন করা হলে উদারীকরণ প্রক্রিয়া গ্রহণ সত্ত্বেও অর্থনীতি হুমকির সম্মুখীন হতে পারে, যা সার্বিক অর্থনৈতিক অগ্রযাত্রায় প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে।

০৪। এতদপ্রেক্ষিতে বিদ্যমান উদার বৈদেশিক মুদ্রায় লেনদেন ব্যবস্থা ও এতদবিষয়ক প্রতিনিয়ত পরিবর্তন বিষয়ে হালনাগাদ অবস্থা সম্পর্কে বৈদেশিক মুদ্রায় লেনদেনের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা অবগত থাকা এবং তদানুযায়ী গ্রাহকদেরকে/বিদেশী বিনিয়োগকারীদেরকে তথা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিতকরণ ও সহযোগিতা প্রদান করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হুমায়ুন কবির)
নির্বাহী পরিচালক
ফোনঃ ৯৫৩০৪১৩